

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 01-02-2026

Time: 1.40 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১) অর্থমন্ত্রী নির্মলা সীতারামান আজ সংসদে ২০২৬-২৭ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন।

বাজেটে পশ্চিমবঙ্গের ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত রেলের ডেডিকেটেড ফ্রিট করিডোর, দুর্গাপুরে নতুন ইন্টিগ্রেটেড শিল্প করিডোর ও শিলিগুড়ি থেকে বারাণসী পর্যন্ত হাইস্পীড রেল করিডোরের ঘোষণা।

মহাত্মাগান্ধী গ্রামস্বরাজ মিশন ও বিকশিত ভারত কর্মসূচীর আওতায় উচ্চ পর্যায়ের কমিটি গঠনের প্রস্তাব রয়েছে বাজেটে।

পাঁচটি আঞ্চলিক মেডিকেল হাব ও তিনটি নতুন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ গঠন করা হবে।

২) পয়লা এপ্রিল থেকে চালু হতে চলেছে নতুন আয়কর আইন।

৩) এবারের বাজেটে দাম কমছে ক্যান্সার, ডায়বেটিস এবং হার্টের ওষুধের অন্যদিকে, দাম বাড়ছে মদ, সিগারেট, খনিজ পদার্থের মতো বিভিন্ন সামগ্রীর।

৪) পশ্চিমবঙ্গের রাজ্যপাল, বিজেপি-র রাজ্য সভাপতি এবং শিল্প ও বণিকমহল এবারের বাজেটকে স্বাগত জানিয়েছেন।

অন্যদিকে, রাজ্যের মুখ্যমন্ত্রী এই বাজেটকে দিশাহীন বলে মন্তব্য করেছেন।

oooooooooooooooooooooooooooo

অর্থমন্ত্রী নির্মলা সীতারামান আজ লোকসভায় ২০২৬-২৭ আর্থিক বছরের কেন্দ্রীয় বাজেট পেশ করেছেন।

(বাইট – প্রোপজাল)

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন তৃতীয় এনডিএ সরকারের এটিই তৃতীয় বাজেট।

অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে জানান, দেশে অর্থনীতির বিকাশ হয়েছে ৭ শতাংশ। অর্থনৈতিক অবস্থা এখন স্থিতিশীল। মূল্য বৃদ্ধিও রয়েছে নিয়ন্ত্রণে।

অর্থ মন্ত্রী জানান, ৫ টি পুরবদয় রাজ্যে ৫ টি পর্যটন গন্তব্য গড়ে তোলা হবে। বাংলার শিল্প উন্নয়নের লক্ষ্যে নির্মলা সীতারামন দুর্গাপুরের নতুন শিল্প করিডোরের ঘোষণা করেছেন। এই কারণে দুর্গাপুরে ইন্টিগ্রেটেড ইস্ট কোস্ট করিডর তৈরি করা হবে।

(বাইট – দুর্গাপুর শিল্প করিডোর)

দেশের পূর্বাঞ্চল থেকে পশ্চিমাঞ্চল অর্থাৎ পশ্চিমবঙ্গের ডানকুনি থেকে গুজরাটের সুরাট পর্যন্ত গড়ে তোলা হবে একটি ডেডিকেটেড ফ্রেট বা পণ্য করিডোর।

বিভিন্ন শহরের মধ্যে ৭-টি হাই স্পীড রেল করিডোর গড়ে তোলা হবে বলেও অর্থমন্ত্রী জানান, যা উন্নয়নের ক্ষেত্রে সংযোগ স্থাপনের কাজ করবে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো পশ্চিমবঙ্গের শিলিগুড়ি থেকে উত্তরপ্রদেশের বারানসী।

(বাইট – ফ্রেট করিডোর)

আগামী পাঁচ বছরে ২০-টি নতুন জাতীয় জলপথ চালু করা হবে বলেও অর্থমন্ত্রী তাঁর বাজেট ভাষণে জানিয়েছেন।

অমৃত সরোবর প্রকল্পের আওতায় ৫-শোটি সুসংহত জলাশয় গড়ে তোলার উদ্যোগ নেওয়া হবে।

কৃষি ক্ষেত্রের জন্য বাজেটে বেশকিছু প্রস্তাব রেখেছেন অর্থমন্ত্রী। গ্লোবাল বা আন্তর্জাতিক বায়ো ফার্মা শক্তি ক্ষেত্রে ১০ হাজার কোটি টাকা বিনিয়োগ করা হবে।

স্বনির্ভর গোষ্ঠীর সহায়তায় সেফ-হেফ এন্টারপ্রেনিয়র মার্চও গঠন করা হবে।

কৃষিজ সম্পদ বিকাশের লক্ষে ভারত বিস্তার এ আই টুল গঠনের কথাও ঘোষণা করেছেন অর্থমন্ত্রী। আত্মনির্ভর ভারত গঠনের লক্ষে চালু করা হবে, জাতীয় ফাইবার স্কিম বা তন্তু প্রকল্প।

বস্ত্র ক্ষেত্রে সম্প্রসারণের লক্ষে জাতীয় হ্যান্ডলুম ও হ্যান্ডিক্রাফ্ট কর্মসূচী গ্রহণ করা হবে। যার মাধ্যমে কর্ম সংস্থানের সুযোগও সৃষ্টি হবে।

খাদি ও হ্যান্ডলুম ক্ষেত্রকে আরও শক্তিশালী করে তুলতে মহাত্মা গান্ধী গ্রামস্বরাজ মিশনের কথা ঘোষণা করেন অর্থমন্ত্রী।

বস্ত্রশিল্পে আধুনিকীকরণে সমরথ প্রকল্পেরও প্রস্তাব রয়েছে অর্থমন্ত্রীর বাজেট ভাষণে।

বেশকিছু মেগা টেকস্টাইল পার্কও গঠন করা হবে।

বিকশিত ভারত কর্মসূচীর আওতায় ব্যাকিং ক্ষেত্রের জন্য একটি উচ্চ পর্যায়ের কমিটি গঠনের কথাও ঘোষণা করেছেন অর্থমন্ত্রী।

আত্মনির্ভর ভারত গঠনের লক্ষে বর্তমানে যে সমস্ত প্রকল্প চলেছে, তার জন্য আরও ২ হাজার কোটি টাকা বরাদ্দ করা হয়েছে এবারের বাজেটে।

অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প ক্ষেত্র MSME-র জন্যও বেশকিছু সহায়তার কথা ঘোষণা করা হয়েছে অর্থমন্ত্রীর বাজেট ভাষণে।

স্বাস্থ্য ক্ষেত্রে বিকাশের লক্ষ্যেও বেশকিছু পদক্ষেপের প্রস্তাব রেখেছেন অর্থমন্ত্রী বাজেট ভাষণে। বেসরাকরী ক্ষেত্রের সঙ্গে সহযোগিতায় পাঁচটি আঞ্চলিক মেডিকেল হাব গড়ে তোলা হবে। এছাড়াও গঠন করা হবে ৩-টি নতুন অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ আয়ুর্বেদ।

শিক্ষা ও কর্মসংস্থানের লক্ষ্যে উচ্চ পর্যায়ের স্থায়ী কমিটি গঠনের প্রস্তাব রাখা হয়েছে অর্থমন্ত্রীর বাজেট ভাষণে।

ক্রিয়েটিভ টেকনলজি বা সৃজনশীল প্রযুক্তি কেন্দ্র গঠনের প্রস্তাব রাখা হয়েছে বাজেট ভাষণে। নতুন জাতীয় ইনস্টিটিউট অফ ডিজাইন গড়ে তোলা হবে।

প্রতিটি জেলায় গঠিত হবে একটি করে মেয়েদের হোস্টেল।

(বাইট – মেয়েদের হোস্টেল)

প্রধান শিল্প ক্ষেত্র ও লজিস্টিক করিডোরে গঠন করা হবে পাঁচটি ইউনিভার্সিটি টাউনশিপ।

ন্যাশনাল ইনস্টিটিউট অফ হসপিটালিটি গঠনের প্রস্তাবও রয়েছে এবারের বাজেটে।

২০-টি প্রধান পর্যটন কেন্দ্রে ১০ হাজার গাইডের দক্ষতা বিকাশের লক্ষ্যে পাইলট প্রকল্পেরও প্রস্তাব রয়েছে এই বাজেটে। ১৫-টি পুরাত্ত্বিক স্থলেরও উন্নয়ন এবং আধুনিকীকরণ করা হবে।

গঠন করা হবে ন্যাশনাল ডেস্টিনেশন ডিজিটাল নলেজ গ্রীড।

ভিন্নভাবে সক্ষমদের জীবনযাত্রার মানোন্নয়নে দিব্যাঙ্গজন কৌশল যোজনা, দিব্যাঙ্গ সাহারা যোজনা গঠনের প্রস্তাবও দেওয়া হয়েছে এই বাজেটে।

পরবর্তী দশকে ক্রীড়া ক্ষেত্রের উন্নয়নে গঠন করা হবে খেলো ইন্ডিয়া মিশন।

০০০০০০০০০০০০০০০০০০০০

চলতি বছরের পয়লা এপ্রিল থেকে আয়কর আইন ২০২৫ বলবত হবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন। আয়কর সংক্রান্ত নিয়মবিধি এবং এর সরলকৃত ফর্মের ব্যাপারে শীঘ্রই বিজ্ঞপ্তি জারি করা হবে।

আয়কর রিটার্ন সংশোধনের জন্য সময়সীমা ৩১ ডিসেম্বর থেকে বাড়িয়ে ৩১ শে মার্চ করার প্রস্তাব করা হয়েছে। তবে এক্ষেত্রে দিতে হবে সামান্য কিছু জরিমানা। ব্যক্তিগত আয়করের জন্য প্রাথমিক ভাবে রিটার্ন জমা দেবার সময়সীমা ৩১ শে জুলাই রাখা হয়েছে। তবে অডিট হয় না এরকম ব্যবসার ক্ষেত্রে এই সময়সীমা ৩১ শে আগস্ট রাখা হয়েছে। ক্ষুদ্র করদাতাদের বিদেশে থাকা সম্পদ ঘোষণার জন্য এককালীন ৬ মাস সময় দিয়েছেন অর্থমন্ত্রী। আয়কর ঘোষণায় কোনও ভুল রিপোর্ট হলে ১০০ শতাংশ অতিরিক্ত কর দিতে হবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০

এবারের বাজেটে দাম কমছে জুতো, ক্যান্সারের ওষুধ, ডায়বেটিসের ওষুধ, ই ভি ব্যাটারি, মাইক্রো ওভেন, হার্টের ওষুধ, কাপড়, সোলার প্যানেল, মোবাইল ফোন, বিদেশ যাত্রা, বিমান নির্মাণ সামগ্রী ও চর্মজাত দ্রব্যের।

দাম বাড়ছে মদ, সিগারেট, খনিজ পদার্থের মতো বিভিন্ন সামগ্রীর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভায় কেন্দ্রীয় অর্থমন্ত্রীর বাজেট ভাষণের প্রেক্ষিতে সংবাদ সম্প্রচারের ক্ষেত্রে কিছু পরিবর্তন করা হয়েছে।

বিকেল ৫-১০-এর বাংলা সংবাদ এবং রাত্রি ৮টা ১০-এর 'খেলার খবর' নির্ধারিত সময়েই শোনা যাবে FM রেনবো চ্যানেলে। তবে সন্কে ৭.৫০-এর স্থানীয় সংবাদ হবে ১৫

মিনিটের। বাজেট নিয়ে বিশেষ আলোচনা প্রচারিত হবে রাত ৮টা ৩০ থেকে ৯টা পর্যন্ত গীতাঞ্জলী এবং FM রেনবো প্রচারতরঙ্গে।

FM রেনবোয় সব হেডলাইন অবশ্য নির্ধারিত সূচী অনুযায়ী প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই বাজেটকে স্বাগত জানিয়েছেন। ভারতের আন্তর্জাতিক মর্যাদাকে এই বাজেট আরও বাড়বে বলে মন্তব্য করেন তিনি।

(বাইট -প্রধানমন্ত্রী)

পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি ভি আনন্দ বোস বাজেটকে স্বাগত জানিয়েছেন।

(বাইট – রাজ্যপাল)

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য একে বিকশিত পশ্চিমবঙ্গের বাজেট বলে উল্লেখ করেছেন।

(বাইট – শমীক)

শিল্প ও বণিক মহল আজকের বাজেটকে উন্নয়নমুখী বলে উল্লেখ করেছেন ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি এম জি খৈতান।

(বাইট – খৈতান)

অন্যদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এই বাজেটকে দিশাহীন বলে মন্তব্য করেছেন।

(বাইট – মুখ্যমন্ত্রী)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অর্থমন্ত্রী নির্মলা সীতারামন আজকের বাজেটে কৃষি ক্ষেত্রে বেশ কিছু নতুন প্রস্তাব দিয়েছেন, তাকে স্বাগত জানিয়েছেন - বর্ধমানের পূর্বস্থলীর কৃষক বন্ধু রফিকুল আলম শাহানা ।

(বাইট – আলম শাহানা)

oooooooooooooooooooooooo

এবারের বাজেটে স্বাস্থ্য ক্ষেত্রে বিশেষ নজর দেয়া হয়েছে। বেশকিছু ওষুধের দাম কমানো হয়েছে। প্রবীনদের চিকিৎসার জন্য বেশ কিছু ব্যবস্থা গ্রহণের কথাও ঘোষণা করা হয়েছে। হুগলির বাসিন্দা প্রবীণ নাগরিক মৃদুলা বসু বলেন, তাদের মত মানুষদের জন্য সরকারের এই পদক্ষেপ স্বস্তিদায়ক।

(বাইট – মৃদুলা)

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo